**সংবাদ**

তারিখ ..04.NOV.2015...
পৃষ্ঠা ...৫... কলাম.... ৮.....



নেত্রকোনার মদনে পাছ আলমশ্রী প্রাথমিক বিদ্যালয়ে ক্লাস নিচ্ছে এক শিক্ষার্থী -সংবাদ

### পাঁছ আলমশ্রী সর. প্রা. বিদ্যালয়

# শিক্ষক সংকটে ছাত্রই শিক্ষক

প্রতিনিধি, মদন (নেত্রকোনা)

নেত্রকোনা মদন উপজেলার নায়েকপুর ইউনিয়নের পাঁছ আলমশ্রী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩ জন শিক্ষকের মধ্যে প্রধান শিক্ষক ছুটিতে সহকারী শিক্ষক, এল.পি. আর এ চলে যাওয়ার প্রস্তুতি নেয়ার জন্য বিদ্যালয়ে আসেনি। ফলে ১ একজন শিক্ষক দিয়ে চলছে ৪ শতাধিক শিক্ষার্থীর পাঠদান। গত শনিবার সরেজমিনে গিয়ে দেখা গেছে, ওই বিদ্যালয়ে সহকারী শিক্ষক একে এম সানাউল হকের পাশাপাশি পঞ্চম শ্রেণির মেধাবি ছাত্র মাহাবুব আলম ৩য় শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয়ের ক্লাস নিচ্ছে, এমনিভাবে চলছে শিক্ষা কার্যক্রম। এ ব্যাপারে ৫ম শ্রেণির শিক্ষার্থী প্রীতি আক্তার, মারুফা আক্তার জানায়, স্যার না থাকায় আমাদের ক্লাস ঠিক মতো হয় না। জানি না এবার সমাপনীর ফলাফল কি হয়। এ ব্যাপারে বিদ্যালয়ে উপস্থিত সহকারী শিক্ষক একে.এম সানাউল হক জানান আমার পক্ষে ৪ শতাধিক শিক্ষার্থী সামলানো সম্ভব হচ্ছে না তাই মাঝে মধ্যে ওকে দিয়ে ক্লাস করাতে হয়। এ ব্যাপারে বিদ্যালয়ের ম্যানেজিংক কমিটির সভাপতি রিপন মিয়া বলেন, বিদ্যালয়ে শিক্ষক সংকট থাকায় পড়াশোনা বিঘ্ন ঘটছে। আমি শিক্ষক সংকটের বিষয়টি শিক্ষা অফিসারকে অবহিত করা হলেও তিনি কোন পদক্ষেপ নিচ্ছেন না। উপজেলা শিক্ষা অফিসার আফতাব উদ্দিন জানান, এ সব সমস্যা অনেক বিদ্যালয়ে রয়েছে শূন্যপদগুলো জানুয়ারি/মার্চ মাসে পূরণ করা হবে।

**'এক শিক্ষকের পক্ষে ৪ শতাধিক শিক্ষার্থীর পাঠদান সম্ভব নয়'**